FEB 1 ? 2001

দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... ... ... ... ... ...
পৃঃ ... কলাম ...

# শিক্ষার অনুকূল পরিবেশ রক্ষায় সহযোগিতা চাই

.............................শেখ হাসিনা

**বাসস** ॥ প্রধানমন্ত্রী শেখ হাসিনা অনুকূল পরিবেশ রক্ষায় শিক্ষক ও অভিভাবকসহ সকলের সহযোগিতা কামনা করিয়া বলিয়াছেন, বন্দুক নয়- ছাত্রদের হাতে থাকিবে বই।

গতকাল বুধবার ঢাকার ওসমানী হলে জাতীয় শিক্ষা সপ্তাহের সমাপ্তি অনুষ্ঠানে তিনি বলেন, শিক্ষা প্রতিষ্ঠানে যেকোন ধরনের সর্বনাশা কর্মকাণ্ড জাতিকে আত্মহননের পথে নিয়া যাইবে। তিনি বলেন, ছাত্ররা যাহাতে প্রতিযোগিতামূলক বিশ্বে টিকিতে পারে সে জন্য সরকার একটি আধুনিক ও গণমুখী শিক্ষা ব্যবস্থা প্রবর্তন করিতে নিরলসভাবে কাজ করিয়া যাইতেছে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক। অনুষ্ঠানে ১৬৮ জন ছাত্র, ৩২ জন শিক্ষক ও ৫১টি শিক্ষা প্রতিষ্ঠানকে পুরস্কার দেওয়া হয়।

## কৃষি শিক্ষা ও স্বাস্থ্য খাতে সাফল্যে বিশ্ব ব্যাংক ব্যবস্থাপনা পরিচালকের সন্তোষ

**ইউএনবি** ॥ বিশ্বব্যাংক গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক শেং ম্যান ঝাং কৃষি, শিক্ষা ও স্বাস্থ্যসহ বাংলাদেশের বিভিন্ন খাতে অর্জিত সাফল্যে সন্তোষ প্রকাশ করিয়াছেন। গতকাল বুধবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সহিত তাহার গণভবনস্থ বাসভবনে বৈঠককালে তিনি এ প্রশংসা করেন।